LIBERTY JUSTICE EQUALITY

CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)
WEST BENGAL STATE COMMITTEE
Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013
Mob: 9883717575, 8420094883 Email: cpdrs.india@gmail.com

ইউটিউব চ্যানেল বন্ধ করার কেন্দ্রীয় সরকারের নির্দেশের বিরোধিতা করে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (১৬.০৪.২০২৪) এক বিবৃতিতে বলেন,

"সম্প্রতি কেন্দ্র সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রক "বোলতা হিন্দুস্তান" ও "ন্যাশনাল দস্তক" নামের দুটি ইউটিউব চ্যানেলের সম্প্রচার বন্ধ করার নির্দেশ দিয়েছে। আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে ফতোয়া জারি করে সংবাদ মাধ্যমের গলাটিপে ধরার ফ্যাসিষ্ট আচরণ, সংবাদ মাধ্যমের স্বাধীনতার চূড়ান্ত পরিপন্থী। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস কেন্দ্রীয় সরকারের এই অগণতান্ত্রিক পদক্ষেপের তীব্র প্রতিবাদ জানাই এবং বন্ধ করে দেওয়া চ্যানেলগুলোর সম্প্রচার চালু করার দাবি জানাই।

উপরোক্ত ইউটিউব চ্যানেলগুলো কেন্দ্র সরকারের পক্ষে কথা বলত না। স্বাধীন মত প্রকাশ করত। সম্প্রতি সুপ্রিম কোর্টে ইভিএম এর সাথে ভিভিপ্যাট মিলিয়ে দেখার বিষয়ে যে মামলা চলছে, সে বিষয়ে এরা সংবাদ পরিবেশন করছিল, যা সরকারের পক্ষে জনমত গঠনের সহায়তা করছিল না, এটাই তাদের অপরাধ। এজন্যই এদের সরকারি রোষানলে পড়তে হয়।

মোদী সরকারের আমলে সারাদেশে স্বাধীন মত প্রকাশের পরিসর ধীরে ধীরে কমে যাচ্ছে। সাংবাদিকদের ওপর আক্রমণ নেমে আসছে বারবার, যা অত্যন্ত উদ্বেগজনক। আমরা, মত প্রকাশের মৌলিক অধিকার রক্ষার স্বার্থে সর্বস্তরের সাংবাদিক ও জনসাধারণকে সোচ্চার হওয়ার আহ্বান জানাই।"

সংবাদদাতা

রাজীব সিকদার

অফিস সম্পাদক